**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্কের যে অধিবাসীরা অপরাধমূলক ন্যায়বিচার ব্যবস্থার সাথে সংযুক্ত, তাদের অংশগ্রহণ করানোর জন্য গভর্নর হোকল মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিনিয়োগ ঘোষণা করেছেন

***যাদের অতীতে মানসিক অসুস্থতার নজির রয়েছে, চিকিৎসা করানোর জন্য পর্যাপ্ত উৎসাহ দেওয়া হয়নি, এরকম লোকজনকে প্রয়োজনীয় সহায়তা দেওয়ার জন্য 2025 অর্থ বছরের বাজেট থেকে 33 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে***

***বাজেটের মাধ্যমে 25 টি ফরেন্সিক বেড এবং 75 টি ট্রানজিশন-টু-হোম বেড সহ স্টেট-পরিচালিত মানসিক চিকিৎসা কেন্দ্রগুলোতে 200 টি বেড যোগ করা হবে***

***নিউ ইয়র্কের অধিবাসীদের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থার রূপান্তর করার জন্য দেশের-অগ্রণী 1 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনার উপর নির্ভর করে গড়ে তোলা হচ্ছে***

যারা অপরাধমূলক ন্যায়বিচার ব্যবস্থার সাথে জড়িত এবং যারা মানসিক অসুস্থতা নিয়ে বসবাস করছেন, এমন লোকজনের জন্য মানসিক স্বাস্থ্য পরিষেবা বর্ধিত করার জন্য গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের 2025 অর্থবছরে অনুমোদিত বাজেটে 33 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার ঘোষণা করেছেন। ম্যানহাটনে মিডটাউন কমিউনিটি জাস্টিস সেন্টার ভিজিট করার সময় বিস্তারিত আলোচনা করে জানিয়েছেন কিভাবে এই তহবিল থেকে মানসিক অসুস্থতায় ভোগা লোকজন, যাদের চিকিৎসার অভাব রয়েছে বা যাদের মানসিক স্বাস্থ্য নিয়ে উদ্বেগ রয়েছে, তারা কিভাবে প্রয়োজনীয় পরিষেবা এবং সহায়তা পেতে পারেন ও তাদের আরো ভালো ফলাফলের অভিজ্ঞতা হতে পারে।

"অপরাধমূলক ন্যায়বিচার ব্যবস্থায় থাকা যে লোকজন মানসিক সমস্যায় ভুগছেন, তাদেরকে সহায়তা প্রদানের মাধ্যমে জনসাধারণের সুরক্ষায় নিউ ইয়র্কের অঙ্গীকারবদ্ধতা 2025 অর্থবছরে বাজেটের মাধ্যমে আরো মজবুত করা হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "প্রত্যেক নিউ ইয়র্কবাসী যখন রাস্তা দিয়ে হেঁটে যাবেন, গণ পরিবহন ব্যবস্থা ব্যবহার করবেন এবং নিজেদের দৈনন্দিন জীবন নিয়ে ব্যস্ত হয়ে পড়বেন, তখন তাদের প্রত্যেকেরই নিরাপদ অনুভব করাটা একটা প্রাপ্য। মানসিক স্বাস্থ্যের বিষয়টিতে আলোকপাত করে, নিউ ইয়র্ক আগের মতো সমগ্র কমিউনিটিকে আরো নিরাপদ করে তোলার পাশাপাশি লোকজনকে স্থিতিশীলতা এবং শান্তি খুঁজে পেতে সাহায্য করে চলেছে।"

যারা গুরুতর মানসিক সমস্যায় ভুগছেন, তাদের জন্য নতুন অন-সাইট সহায়তামূলক পরিষেবা যেখানে গড়ে তোলা হবে তা পরিদর্শন করতে এবং মানসিক স্বাস্থ্য আদালত ব্যবস্থার বিষয়ে আরো গভীর অন্তদৃষ্টি পেতে জাস্টিস ইনোভেশন এবং ম্যানহাটন মিসডিমিনর মেন্টাল হেলথ কোর্টের জন্য সেন্টারের অংশ হিসাবে গভর্নর হোকল জাস্টিস সেন্টার দেখতে গিয়েছিলেন। অপেক্ষাকৃত কম গুরুতর অপরাধের জন্য চিরাচরিত প্রসিকিউশনের একটি বিকল্প হিসাবে অনেক সময় চিকিৎসা, হাউজিং এবং অন্যান্য সহায়তার সাথে গুরুতর মানসিক সমস্যায় ভোগা ব্যক্তিদের সংযুক্ত করার জন্য ম্যানহাটন মিসডিমিনর মেন্টাল হেলথ কোর্টের সঙ্গে মিডটাউন কমিউনিটি জাস্টিস সেন্টার ঘনিষ্ঠভাবে কাজ করে।

**মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কমিশনারের অফিসের পক্ষ থেকে ড. অ্যান সুলিভান বলেন,** "অনেক সময়, যারা মানসিক সমস্যায় ভুগছেন এবং যারা অপরাধমূলক ন্যায়বিচার ব্যবস্থার সাথে জড়িত, তারা সুস্থ হয়ে ওঠার জন্য সঠিক পথে এগিয়ে যেতে প্রয়োজনীয় সহায়তা পান না। এই বাজেটে যে তহবিলং অন্তর্ভুক্ত করা হয়েছে, তা এই ধরনের লোকজন যে কমিউনিটিতে বসবাস করেন, সেখানে তাদেরকে সফলভাবে সুস্থ হয়ে ওঠার জন্য গুরুত্বপূর্ণ চিকিৎসা পরিষেবা ও সাহায্য প্রদান করবে। গভর্নর হোকল যেভাবে সকল নিউ ইয়র্কবাসীর জন্য মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে অ্যাক্সেস বৃদ্ধি করার উপর নজর দিয়ে চলেছেন, সেটি আমাদের স্টেটের মাধ্যমে আরো উন্নত পরিণাম এবং রূপান্তরমূলক পরিবর্তনের ভীত স্থাপন করবে।"

**মুখ্য বিচারপতি মাননীয় রোয়ান ডি. উইলসন বলেন,** "গভর্নর হোকল যেভাবে সংগ্রামরত নিউ ইয়র্কের অধিবাসীদের মানসিক স্বাস্থ্য উন্নত করার ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ এবং তার সম্মিলিত প্রচেষ্টা যেভাবে সেই লক্ষ্যে পৌঁছাতে মার্কিন যুক্তরাষ্ট্রের আদালত ব্যবস্থাকে সহায়তা করছেন, সেই জন্য তার প্রতি আমি চির কৃতজ্ঞ। আজ মিডটাউন কমিউনিটি জাস্টিস সেন্টারে তার এই ঘোষণাটি শুধুমাত্র প্রতীকি নয় – বরং এই সমস্যাগুলোকে আরো কার্যকর এবং মানবিক উপায়ে মোকাবিলা করার জন্য আমাদের পার্টনারশিপকে ফের সুনিশ্চিত করে।"

যে 33 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি 2025 অর্থবছরের স্টেট বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে, সেটি নিশ্চিত করবে যে যারা অপরাধমূলক ন্যায়বিচার ব্যবস্থার সাথে জড়িত, যাদের মানসিক সমস্যার চিকিৎসার নজির আছে, যাদের পর্যাপ্ত চিকিৎসার অভাব আছে বা যাদে এই সম্পর্কিত কোনো উদ্বেগ আছে, তারা যেন সুস্থ হয়ে ওঠার জন্য প্রয়োজনীয় সামগ্রিক বা সর্বাঙ্গীন মানসিক স্বাস্থ্যের চিকিৎসা এবং সেবা পায়। এই তহবিলের মাধ্যমে এই লোকজনকে যখনই সম্ভব, তখনই চিকিৎসার জন্য নিজেদের কমিউনিটিতে ফিরতে সাহায্য করবে।

এই তহবিলের মধ্যে রয়েছে 4.2 মিলিয়ন মার্কিন ডলার, যা মানসিক চিকিৎসার নজির, পর্যাপ্ত চিকিৎসার অভাব বা মানসিক স্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগ থাকা ডিফেন্ডেন্টদের শনাক্ত করতে আদালতে মেন্টাল হেলথ নেভিগেটর নিয়োগ করতে ব্যবহার করা হবে। এই বিশেষজ্ঞরা সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে চিকিৎসা এবং পরিষেবার জন্য স্থানীয় প্রোভাইডার সহ কমিউনিটি পার্টনারদের সাথে কাজ করবেন। এদের মধ্যে থাকা অনেক নেভিগেটরেরই প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে এবং অন্যদেরকে এমন সহায়তা প্রদান করতে পারবেন, যা তাদেরকে সুস্থ হয়ে উঠতে সাহায্য করবে।

এছাড়া এই বাজেটে স্পেশালাইজড ফরেন্সিক অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট টিম উন্নত ও বর্ধিত করার জন্য 14.6 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে, যেটিতে কম কেসলোড থাকবে এবং গুরুতর মানসিক সমস্যা থাকা লোকজনকে মজবুত সহায়তা প্রদান করবে। এর ফলে এই লোকজনের সাথে নিরবচ্ছিন্ন এনগেজমেন্ট বজায় রাখতে টিমগুলো সক্ষম হবে এবং তাদেরকে যত্ন ও হাউজিংয়ের সাথে সংযুক্ত করবে, মেডিকেশন ও চিকিৎসা সংক্রান্ত পরিকল্পনা মেনে চলা সুনিশ্চিত করবে ও উপযোগী দক্ষতা গড়ে তুলতে সহায়তা করবে।

এর পাশাপাশি, বাজেটে কোর্ট সিস্টেমের মাধ্যমে রেফার হওয়া ব্যক্তিদের জন্য ট্রানজিশনাল হাউজিং গড়ে তুলতে 4.3 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে। মানসিক সমস্যায় জর্জরিত যারা গৃহহীন বা অপরাধমূলক ন্যায়বিচার ব্যবস্থার সাথে জড়িত, তাদের হাউজিং ও সহায়তা প্রদান করার জন্য আরও 2.8 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে।

ইনপেশেন্ট সাইকিয়াট্রিক চিকিৎসায় থাকা লোকজনকে সহায়তা করার জন্য বাজেটে স্টেট-পরিচালিত সাইকিয়াট্রিক চিকিৎসার কেন্দ্রগুলোতে 200টি নতুন বেডের তহবিল রাখা রয়েছে। এর মধ্যে রয়েছে 25টি ফরেন্সিক বেড, যা অপরাধমূলক ন্যায়বিচার ব্যবস্থায় জড়িত থাকা লোকজনের জন্য মূল্যায়ন ও চিকিৎসা প্রদান করে; এবং তিনটি নতুন 25-বেডের ট্রানজিশন-টু-হোম ইউনিটের ব্যবস্থা করবে, যা স্পেশালাইজড যত্নের প্রয়োজনের ক্ষেত্রে ব্যবহার করা হবে, যার মধ্যে এমন ব্যক্তিরা রয়েছেন যাদের বার বার অপরাধমূলক ন্যায়বিচার ব্যবস্থায় জড়িত থাকার নজির রয়েছে এবং যাদের সাইকিয়াট্রিক ইনপেশেন্ট চিকিৎসার প্রয়োজন আছে।

কোনো ব্যক্তির গুরুতর মানসিক স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনের ক্ষেত্রে সাড়া দিতে আরও উন্নত আইন বাস্তবায়ন সম্পর্কিত পদক্ষেপ গ্রহণ করতে, পুলিশ এজেন্সি ও তাদের পার্টনারদের জন্য ক্রাইসিস ইন্টারভেনশন টিমের ট্রেনিং বৃদ্ধি করতে এবং আইন বাস্তবায়নকারী ও মানসিক স্বাস্থ্য সংক্রান্ত টিমের জন্য অনুমোদিত বাজেটের মধ্যে $1 মিলিয়ন বরাদ্দ করা হয়েছে।

এই তহবিলটি গভর্নর হোকলের ঐতিহাসিক 1 বিলিয়ন মার্কিন ডলার মানসিক স্বাস্থ্য সংক্রান্ত প্ল্যানকে পরিপূরক করে তুলবে, যেটিতে গুরুতর গৃহহীনতা, মাদক পদার্থ ব্যবহার সংক্রান্ত অসুস্থতা এবং গুরুতর মানসিক সমস্যাগুলোর মধ্যে যে সংযোগ রয়েছে তা শনাক্ত করে এবং পরিবেষার সমন্বয়ে অগ্রাধিকার প্রদান করে নিশ্চিত করে যে কেউ যেন পরিষেবার সুবিধা থেকে বাদ না পড়েন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন